মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
www.sylhetboard.gov.bd
বিদ্যালয় শাখা

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬২.০২০.২৫.৩৩৭

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রদান প্রসঙ্গে।
সূত্র: তাঁর ২৮/১০/২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর প্রতিষ্ঠানের মানবিক ও বিজ্ঞান শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ ০১/০১/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৭ খ্রি. পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন বর্ণিত শর্তে নবায়ন করা হলো।

<u>শর্তাবলী</u>

১. বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্সুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে;
২. প্রশিক্ষণ বিহীন শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. আই.সি.টি.ভিত্তিক শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনা ও তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে;
৪. সহপাঠ্যক্রমিক কার্যাবলী যেমন-খেলাধুলা,শরীরচর্চা, স্কাউটিং ও বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা চালুরাখতে হবে;
৫. নিয়মিত আভ্যন্তরীণ ত্রৈমাসিক অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট ম্যানেজিং কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন করাতে হবে;
৬. পর্যাপ্ত বই সহ আলাদা লাইব্রেরী কক্ষের ব্যবস্থা করত: শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণের ব্যবস্থা করতে হবে;
৭. গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা ২০২৪-যথাযথভাবে অনুসরণ করতে হবে,এবং উক্ত বিধিমালা অনুযায়ী বিদ্যালয়ের সংরক্ষিত ও সাধারণ তহবিলে টাকা জমা রাখতে হবে;
৮. শিক্ষার্থীদের নিকট হতে সরকার/বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না;
৯. শ্রেণী কক্ষে শিক্ষকদের পাঠদান কার্যক্রম প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে;
১০. শিক্ষার্থীদের দেশপ্রেমিক উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১১. প্রতিষ্ঠানের চারিপার্শ্বে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপন করত: পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১২. স্বীকৃতি মেয়াদ উত্তীর্ণের ০৩(তিন) মাস পূর্বে যথা নিয়মে নির্ধারিত ফি দিয়ে নবায়নের জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯-০২-২০২৫
মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

প্রধান শিক্ষক, কাকরদিয়া-তেরাদল উচ্চ বিদ্যালয়
বিয়ানীবাজার, সিলেট।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬২.০২০.২৫.৩৩৭/১ (৪)

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
৩। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৯-০২-২০২৫
মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

নং-০৪/২০২৫
তাং-২৮/৪/২৫

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
www.sylhetboard.gov.bd
বিদ্যালয় শাখা

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.০০০.৪০০.৮৯.০১২৫.২৫.৭৬২

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।
সূত্র: তাঁর ২৭/০৩/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪" এর ৬৪ (২) অনুযায়ী নিম্নলিখিত সদস্য সমন্বয়ে গঠিত তাঁর বিদ্যালয়ের এডহক কমিটিকে অনুমোদন দেয়া হলো।

এডহক কমিটি

ক্রমিক নং	সদস্যগণের নাম	পদবী	মন্তব্য
০১	উপজেলা তথ্য অফিসার,বিয়ানীবাজার	সভাপতি	বোর্ড কর্তৃক মনোনীত
০২	জনাব মো.আশরাফুল আলম সহকারি শিক্ষক	শিক্ষক সদস্য	জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত
০৩	জনাব বেলাল আহমদ	অভিভাবক সদস্য	উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত
০৪	প্রধান শিক্ষক, উক্ত বিদ্যালয়	সদস্য সচিব	পদাধিকার বলে

উল্লেখ্য যে, পত্রের স্মারক ইস্যুর তারিখ থেকে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য কমিটির মেয়াদ স্থায়ী হবে। তাছাড়া উক্ত কমিটি নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই একটি নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮-০৪-২০২৫
মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

প্রাপ্তি: ২৮/০৪/২৫

প্রধান শিক্ষক
কাকরদিয়া-তেরাদল উচ্চ বিদ্যালয়, বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.০০০.৪০০.৮৯.০১২৫.২৫.৭৬২/১ (৩)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, সিলেট।
২। সভাপতি,এডহক কমিটি, কাকরদিয়া-তেরাদল উচ্চ বিদ্যালয় ও উপজেলা তথ্য অফিসার, বিয়ানীবাজার,সিলেট।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।